গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দেবিদ্বার, কুমিল্লা
www.debidwar.comilla.gov.bd

স্মারক নং-০৫.২০.১৯৪০.০০০.৫৫.০০১.২১- ২১৭ (১৫৩)

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৮ / ২৮ ফেব্রুয়ারি ২০২২

## দেবিদ্বার উপজেলার সরকারি জলমহাল অস্থায়ী ইজারা/বন্দোবস্ত বিজ্ঞপ্তি:

এতদ্বারা সরকারি জলমহাল ব্যবস্থাপনাা নীতি, ২০০৯ এর আলোকে কুমিল্লা জেলার দেবিদ্বার উপজেলার সর্বোচ্চ ২০ একর পর্যন্ত আয়তন বিশিষ্ট বদ্ধ শ্রেণীর জলমহাল সমূহ ১৪২৯ বাংলা সনের ১ বৈশাখ হতে ১৪৩১ বাংলা সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে অস্থায়ী ইজারা/বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে স্থানীয়ভাবে সমবায় অধিদপ্তর নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতির নিকট থেকে শর্ত সাপেক্ষে অনলাইনে আগামী ১০/০৩/২০২২ (২৫ ফাল্গুন ১৪২৮) তারিখের মধ্যে **jm.lams.gov.bd** লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে **online** এ আবেদন দাখিল করতে হবে এবং আগামী ১৫/০৩/২০২২ (০১ চৈত্র ১৪২৮) তারিখের মধ্যে অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে।

### ১৪২৯ বাংলা সন হইতে ১৪৩১ বাংলা সন পর্যন্ত ইজারাযোগ্য জলমহালের তালিকা:

| ক্রঃ নং | জলমহালের নাম | মৌজার নাম | ইউনিয়নের নাম | দাগ নং | পরিমান (একর) | গত ৩ বৎসরের ইজারা মূল্য | ৫% বৃদ্ধিসহ ৩ বৎসরের ইজারা মূল্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | রাজামেহার | রাজামেহার | রাজামেহার | ২২৫৬ | ১.১৮ | ৫৫,৫০০/- | ৫৭,৭৫০/- |
| ২। | দুয়ারিয়া | দুয়ারিয়া | ধামতী (উঃ) | ১০৫৩ | ১.৫১ | ১,০০,০০০/- | ১,০৫,০০০/- |
| ৩। | রাজামেহার | রাজামেহার | রাজামেহার | ২২২৯ | ০.৮০ | ৩৫,০০০/- | ৩৬,৭৫০/- |
| ৪। | কালামুড়িয়া | কালামুড়িয়া | ধামতী (দঃ) | ১৯৭৬ | ০.৩৭ | ১৫,৩১৫/- | ১৬,০৮০/- |
| ৫। | রাজামেহার | রাজামেহার | রাজামেহার | ২৫৪৭ | ০.৫৫ | ৩০,৫০০/- | ৩২,০২৫/- |
| ৬। | রাজামেহার | রাজামেহার | রাজামেহার | ২৬৮১ | ১.২৬ | ২,১৫,০০০/- | ২,২৫,৭৫০/- |
| ৭। | রাজামেহার | রাজামেহার | রাজামেহার | ২৬৬৩ | ২.৬৪ | ৪,৮২,৫০০/- | ৫,০৬,৬২৫/- |
| ৮। | নারায়নপুর | নারায়নপুর | সুবিল | ১৮০ | ১.৩১ | ৮২,৫০০/- | ৮৬,৬২৫/- |
| ৯। | ওয়াহেদপুর | ওয়াহেদপুর | সুবিল | ১৯৫৭ | ০.৬৭ | ২৬,০০০/- | ২৭,৩০০/- |
| ১০। | রাজামেহার | রাজামেহার | রাজামেহার | ২৪৩৩ | ০.৮০ | ৬০,৫০০/- | ৬৩,৫২৫/- |
| ১১। | রাজামেহার | রাজামেহার | রাজামেহার | ২৭০২ | ০.৯০ | ৯২,৭০০/- | ৯৭,৩৩৫/- |
| ১২। | ভানী | ভানী | ভানী | ১৪০০ | ০.৯৪ | ৪৭,৫০০/- | ৪৯,৮৭৫/- |
| ১৩। | আবদুল্লাহপুর | আবদুল্লাহপুর | সুবিল | ১২৯ | ০.২০ | ১০,২৭০/- | ১০,৭৮৩/- |
| ১৪। | রাধানগর | রাধানগর | ধামতী (দঃ) | ১০৩৪ | ০.৭৪ | ৫৩,৪৩৫/- | ৫৬,১০৭/- |
| ১৫ | রাজামেহার | রাজামেহার | রাজামেহার | ২৫৯৭ | ০.৬৫ | ৪৩,০০০/- | ৪৫,১৫০/- |
| ১৬ | দুয়ারিয়া | দুয়ারিয়া | ধামতী (উঃ) | ৯৬৬ | ০.৪৯ | ১৫,৫০০/- | ১৬,২৭৫/- |
| ১৭ | আবদুল্লাহপুর | আবদুল্লাহপুর | সুবিল | ১৯৪ | ০.২৫ | ২৫,০০০/- | ২৬,২৫০/- |
| ১৮ | ইউসুফপুর | ইউসুফপুর | ইউসুফপুর | ১০২৬ | ০.৮৫ | ৬০,৫০০/- | ৬৩,৫২০/- |
| ১৯ | রাজামেহার | রাজামেহার | রাজামেহার | ১৬৪২ | ১.৫৯ | ১,১০,০০০/- | ১,১৫,৫০০/- |
| ২০ | গুনাইঘর | গুনাইঘর | গুনাইঘর (উঃ) | ১০৬৪ | ১.৪৪ | ৮৭,৫০০/- | ৯১,৮৭৫/- |
| ২১ | নবীপুর | নবীপুর | ইউসুফপুর | ৪৮১ | ০.২০ | ৩,০০০/- | ৩,১৫০/- |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ২২ | রাজামেহার | রাজামেহার | রাজামেহার | ২৪১০ | ০.১৮ | ৩,৬০০/- | ৩,৭৮০/- |
| ২৩ | দুয়ারিয়া | দুয়ারিয়া | ধামতী (উঃ) | ৫০৪ | ০.৪৮ | ২,৫২০/- | ২,৬৪৬/- |
| ২৪ | পদুয়া | পদুয়া | ঐ | ১৬৮ | ১.৫৯ | ৫০,৪০০/- | ৫২,৯২০/- |
| ২৫ | পদুয়া | পদুয়া | ঐ | ৩৪০ | ০.৬৮ | ৩০,৯৯৯/- | ৩২,৫৪৮/- |
| ২৬ | ইউসুফপুর | ইউসুফপুর | ইউসুফপুর | ১০৪৬ | ০.৬৬ | ২৭,৮২৫/- | ২৯,২১৬/- |

## ১৪২৯-১৪৩১ বঙ্গাব্দে দেবিদ্বার উপজেলার সরকারি জলমহাল অস্থায়ী ইজারা/বন্দোবস্ত প্রদানের শর্তাবলী ঃ

১। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যা সমবায় অধিদপ্তরে নিবন্ধিত সে সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে। উক্ত সমিতিতে যদি প্রকৃত মৎস্যজীবী নন এমন কোন সদস্য থাকেন বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন, তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না এবং জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে বন্দোবস্তের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী যোগ্য সংগঠন পাওয়া না যায় সে ক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী প্রকৃত সংগঠনের আবেদন বিবেচনা করা যাবে। তবে জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

২। আবেদনকারী মৎস্যজীবী সমিতি/সংগঠন বর্তমান কার্যকর আছে তার প্রমাণস্বরূপ উপজেলা সমবায় অফিসার/সমাজসেবা অফিসার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে এবং বিগত ০২ বছরের অডিট রিপোর্ট পেশ করতে হবে। তবে নতুন নিবন্ধনকৃত সমিতি/সংগঠনের ক্ষেত্রে এ রিপোর্ট প্রয়োজন হবে না।

৩। প্রতিটি জলমহালের জন্য পৃথক পৃথক আবেদন ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা মূল্যে (অফেরত যোগ্য) যে কোন তফসিলি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, দেবিদ্বার এর বরাবর ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অনলাইন আবেদনের প্রিন্টেড কপির সাথে দাখিল করতে হবে।

৪। আবেদনপত্রের সাথে বিজ্ঞপ্তিতে উল্লিখিত সংশ্লিষ্ট জলমহালের আবেদনকারী কর্তৃক প্রদত্ত ইজারা মূল্যের ২০% (শতকরা বিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যেকোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, দেবিদ্বার, কুমিল্লা বরাবরে দাখিল করতে হবে। উক্ত অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

৫। আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি ব্যাংক একাউন্টের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। অবশ্যই চাহিত তথ্যাদি সংযুক্ত করতে হবে। এছাড়া ০৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহাল এর মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপ রেখা সংযুক্ত করতে হবে।

৬। যে কোন অসত্য তথ্য দাখিলের জন্য সংশ্লিষ্টগণ দায়ী থাকবেন। এবং অনলাইনে ও দাখিলকৃত তথ্যের মধ্যে কোন অমিল থাকলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

৭। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে ইজারা/বন্দোবস্ত প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সমিতি/সংগঠন ইজারা মূল্য সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ইজারা মূল্য পরিশোধ করতে ব্যর্থ হলে ইজারা বাতিলসহ জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারার অর্থ কিস্তিতে পরিশোধ করা যাবে না।

৮। তিন বছর মেয়াদে ইজারাকৃত জলমহালের ইজারা মূল্য সিদ্ধান্ত প্রদানের ১৫ দিনের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায়, ইজারা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। পুনরায় মহালটি ইজারা প্রদানের ক্ষেত্রে মূল্য হ্রাস পেলে কিংবা ইজারা প্রদান সম্ভব না হলে তার দায় দায়িত্ব ইজারা গ্রহীতার উপর বর্তাবে।

৯। মৎস্যজীবী সমিতি/সংগঠনের পক্ষে একমাত্র সভাপতি/সাধারণ সম্পাদকের স্বাক্ষরে আবেদন দাখিল করতে হবে। অন্য কোন সদস্যের স্বাক্ষরে আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১০। জলমহালসমূহ যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় ইজারা দেয়া হবে। আবেদনকারীকে আবেদনপত্র দাখিলের পূর্বেই সরেজমিনে পরিদর্শন করে জলমহালের প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে নিয়ে আবেদনপত্র দাখিল করতে হবে।

১১। লীজ গ্রহীতা কোন ক্রমেই লীজকৃত জলমহাল অন্য কারো নিকট সাবলীজ/হস্তান্তর করতে পারবে না। এ শর্ত বরখেলাপ করলে লীজ বাতিলসহ জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে এবং পরবর্তী বছর ইজারা গ্রহণের কোন আবেদন করতে পারবে না ।

১২। জলমহালের ইজারা মূল্য পরিশোধের সাথে সাথে ইজারা গ্রহীতাকে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নিজ দায়িত্বে চুক্তিনামা সম্পাদন করতে হবে এবং নিজ দায়িত্বে কর্তৃপক্ষের মাধ্যমে দখল গ্রহণ করতে হবে। অন্যথায় যথাসময়ে জলমহালের দখল না পাবার অজুহাতে পরবর্তীতে কোন আপত্তি গ্রহণ করা হবে না।

১৩। ইজারা সংক্রান্ত সরকারি নীতিমালা ও সময় সময় জারিকৃত সরকারি বিধানসমূহ ইজারা গ্রহীতাকে অবশ্যই মেনে চলতে হবে এবং নীতিমালা মোতাবেক ইজারা কার্যক্রম নিয়ন্ত্রিত হবে।

১৪। যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। অধিকন্তু কর্তৃপক্ষ বাস্তবতার আলোকে জলমহালের তফসিল হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন ।

১৫। কোন জলমহালের কোন দাগের কিংবা মহালের উপর বিজ্ঞ আদালতের স্থিতাবস্থা/নিষেধাজ্ঞা আদেশ থাকলে তা বিজ্ঞপ্তিতে উল্লেখ করা না হলেও তা ইজারা বহির্ভূত থাকবে। বিজ্ঞ আদালতের নিষেধাজ্ঞা প্রত্যাহার হলে স্বয়ংক্রিয়ভাবে ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে।

১৬। কোন জলমহাল ইজারা প্রদান হয়ে থাকলে বা ইজারা কার্যক্রম গ্রহণের কোন পর্যায়ে স্বত্ব মামলার উদ্ভব হলে/কোন বিজ্ঞ আদালত কর্তৃক নিষেধাজ্ঞা জারি হলে ইজারাকৃত মূল্য ফেরত প্রদান করা হবে না এবং কোন আপত্তি গ্রহণ করা হবে না।
১৭। ইজারা গ্রহীতা জলমহাল ইজারা গ্রহণ করে সেচ দিয়ে সম্পূর্ণ পানি নিষ্কাশন করে অথবা বিষ প্রয়োগ করে মাছ আহরণ করতে পারবে না। করলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
১৮। ইজারা গ্রহীতাকে ইজারা মূল্যের সাথে ইজারা মূল্যের অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ৫% আয়কর পরিশোধ করতে হবে।
১৯। কোন মৎস্যজীবী সমিতি/সংগঠনকে দু'টির অধিক জলমহাল বন্দোবস্ত/ইজারা প্রদান করা যাবে না।
২০। জলমহাল ইজারা গ্রহণকারী কোন সমিতি/সংগঠন বছরের যেকোন সময় জলমহাল ইজারা গ্রহণ করলেও ঐ বছরের ১লা বৈশাখ হতে ইজারা হিসেবে গণ্য হবে।
২১। ইজারা বাতিল কিংবা গ্রহণ অথবা যেকোন সিদ্ধান্ত যেকোন সময় গ্রহণের ক্ষমতা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/- ২৮/২/২২
মোঃ আশিক উন নবী তালুকদার
উপজেলা নির্বাহী অফিসার
দেবিদ্বার, কুমিল্লা।

স্মারক নং-০৫.২০.১৯৪০.০০০.৫৫.০০১.২১-২১৭(১০০)

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৮
২৮ ফেব্রুয়ারি ২০২২

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো:
১। মাননীয় সংসদ সদস্য, কুমিল্লা-৪ (দেবিদ্বার) ও উপদেষ্টা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।
২। জেলাপ্রশাসক, কুমিল্লা।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবিদ্বার, কুমিল্লা ও উপদেষ্টা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।
৪। সহকারী কমিশনার (ভূমি), ও সদস্য সচিব, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, দেবিদ্বার, কুমিল্লা
৫। উপজেলা..................................কর্তকর্তা, দেবিদ্বার, কুমিল্লা।
৬। ....................................সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, দেবিদ্বার, কুমিল্লা।
৭। চেয়ারম্যান................................ইউপি (সকল), দেবিদ্বার, কুমিল্লা। (বহুল প্রচারের জন্য অনুরোধসহ)।
৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.................................ইউনিয়ন ভূমি অফিস, দেবিদ্বার, কুমিল্লা (বহুল প্রচারের জন্য বলা হল)
০৯। সভাপতি/সম্পাদক.....................................সমিতি, দেবিদ্বার, কুমিল্লা।
১০। জনাব ..................................................দেবিদ্বার, কুমিল্লা।
১১। অফিস কপি।

স্বাক্ষরিত/- ২৮/২/২২
উপজেলা নির্বাহী অফিসার
দেবিদ্বার, কুমিল্লা।